

যশোর বোর্ডে পাসের হার বেড়েছে জিপিএ-৫ প্রাপ্তিতে রেকর্ড

কিনয় সাহা, যশোর ব্যুরো

চলতি বছর যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে। এ বছর যশোর শিক্ষা বোর্ড থেকে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ১ লাখ ৭ হাজার ৭২৬ জন ছাত্রছাত্রী ফরম পূরণ করে। এর মধ্যে ১ লাখ ৫ হাজার ৯৮৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে ৭১ হাজার ৯৩৭ জন কৃতিত্ব দেখিয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৩৭ হাজার ৫৭৮ ছাত্র ও ৩৪ হাজার ০৫৯ জন ছাত্রী রয়েছে। যশোর বোর্ডে গড় পাসের হার ৬৭ শতাংশ ৮৭ ভাগ। গত বছরের তুলনায় এই হার ৪ শতাংশ ৫০ প্ৰত্যয়ে বেধি। এ বছর রেকর্ড সংখ্যক ৫ হাজার ২২৯ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়ে চমক সৃষ্টি করেছে। এবার ১ হাজার ৮৫৯ শিক্ষার্থী জিপিএ-৫ বেধি পেয়েছে। ২০১১ সালে এ সংখ্যা ছিল ৩ হাজার ৩৭০। যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ সেলিম জানান, জিপিএ-৫ ছাত্র ও এ বছর এইচএসসি পরীক্ষায় ২০ হাজার ২৭২ জন জিপিএ-৪, ১৫ হাজার ৮৭৬ জন জিপিএ-৩, ১৪ হাজার ৮৩৯ জন জিপিএ-৩, ১৪ হাজার ৩৪১ জন জিপিএ-২ এবং ১ হাজার ৩৮০ জন শিক্ষার্থী জিপিএ-১ পেয়েছে। এবার মানবিক বিভাগ থেকে সবচেয়ে বেশি ৪১ হাজার ৬৩৮ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে ১৮ হাজার ৭০৭ জন ছাত্র ও ২২ হাজার ৯৩১ জন ছাত্রী রয়েছে। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ১৯০ জন। জিপিএ-৫ প্রাপ্ত ছাত্রের সংখ্যা ৪৬৩। এ তারিখকার ছাত্রী রয়েছে ৭৩০ জন। মানবিক বিভাগে পাসের গড় হার ৬২ শতাংশ ০১ ভাগ। বিজ্ঞান বিভাগ থেকে ১১ হাজার ৮৭৬ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে ৮ হাজার ৫৫২ জন উত্তীর্ণ হয়েছে। এছাড়াও ১১ হাজার ৯৯৯ জন ছাত্র ও ১১ হাজার ২৭৮ জন ছাত্রী